মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
Website: https://web.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/ ৮২৬(৭১) তারিখ ঃ১৭/১১/২০২৪খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ পরিবর্তন (e-TC) এবং বোর্ড পরিবর্তন (B-TC) সংক্রান্ত

বিজ্ঞপ্তি

সূত্র : বাংলাদেশ আন্তঃ শিক্ষাবোর্ড সমন্বয় কমিটির স্মারক নং-১১৪৬/ক/বিটিসি/ইটিসি/২০২৪-২৫/২৩৬৮, তারিখ : ১১/১১/২০২৪

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন কলেজ / স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ পরিবর্তন (e-TC) এবং বোর্ড পরিবর্তন (B-TC) কার্যক্রম অনলাইনের মাধ্যমে ১৭/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ১৭/১২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীগণ (https://xiclassadmission.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে নিয়মাবলী অনুসরণপূর্বক অনলাইনে e-TC / B-TC এর আবেদন সম্পন্ন করতে পারবে। অনলাইন কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের বোর্ডে যোগাযোগের কোনো প্রয়োজন নেই। উল্লেখ্য কলেজ/বোর্ড পরিবর্তনের নিয়মাবলী উক্ত ওয়েবসাইটে বর্ণিত আছে।

কলেজ পরিবর্তন (e-TC) আবেদনের নিয়মাবলী :

শিক্ষার্থী কর্তৃক টিসি (TC) ফরম সঠিকভাবে পূরণ করে জমা দিন বাটনে ক্লিক করবে এবং আবেদনকৃত ফরমটির প্রিন্ট নিবে। টিসির আবেদনটি জমা করার পর প্রথমে নিজ প্রতিষ্ঠান শিক্ষার্থী ভর্তির সময় ব্যবহৃত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করলে দেখতে পাবে এবং অনুমোদন করবে। এরপর ভর্তিচ্ছু প্রতিষ্ঠান শিক্ষার্থী ভর্তির সময় ব্যবহৃত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করলে আবেদনটি দেখতে পাবে এবং শিক্ষার্থীর বিষয়কোড ও শূন্য আসন যাচাইপূর্বক অনুমোদন করলে শিক্ষার্থী বোর্ডের ফি জমা দেবার জন্য একটি SMS পাবে। অতঃপর শিক্ষার্থী https://xiclassadmission.gov.bd ওয়েবসাইটে তার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইনপূর্বক পেমেন্ট সম্পন্ন করবে। এরপর বোর্ড কর্তৃক আবেদন চূড়ান্ত অনুমোদনের পর শিক্ষার্থী আর একটি SMS পাবে।

কলেজ পরিবর্তন (B-TC) আবেদনের নিয়মাবলী :

শিক্ষার্থী কর্তৃক টিসি (TC) ফরম সঠিকভাবে পূরণ করে জমা দিন বাটনে ক্লিক করবে এবং আবেদনকৃত ফরমটির প্রিন্ট নিবে। টিসির আবেদনটি জমা করার পর প্রথমে নিজ প্রতিষ্ঠান শিক্ষার্থী ভর্তির সময় ব্যবহৃত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করলে দেখতে পাবে এবং অনুমোদন করবে। এরপর ভর্তিচ্ছু প্রতিষ্ঠান শিক্ষার্থী ভর্তির সময় ব্যবহৃত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করলে আবেদনটি দেখতে পাবে এবং শিক্ষার্থীর বিষয়কোড ও শূন্য আসন যাচাইপূর্বক অনুমোদন করলে শিক্ষার্থী নিজ বোর্ডে ফি জমা দেয়ার জন্য SMS পাবে। অতঃপর শিক্ষার্থী https://xiclassadmission.gov.bd ওয়েবসাইটে তার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইনপূর্বক পেমেন্ট সম্পন্ন করবে। এরপর নিজ বোর্ড কর্তৃক আবেদন চূড়ান্ত অনুমোদনের পর শিক্ষার্থীর গন্তব্য বোর্ড আবেদনটি দেখতে পাবে। শিক্ষার্থী আবার শিক্ষার্থীর গন্তব্য বোর্ডে ফি জমা দেবার জন্য SMS পাবে। অতঃপর শিক্ষার্থী https://xiclassadmission.gov.bd ওয়েবসাইটে তার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইনপূর্বক পুনরায় পেমেন্ট সম্পন্ন করবে। এরপর শিক্ষার্থীর গন্তব্য বোর্ড কর্তৃক আবেদন চূড়ান্ত অনুমোদনের পর শিক্ষার্থী আর একটি SMS পাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৭/১১/২৪

(প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
চট্টগ্রাম।

CamScanner